

ছাউ নিতে ঢাকা বেলা

তাই সাপ লুডো খেলা,
সাবাশ বলছে, সাবাশ উদার মন
তোমার দু'হাতে সাতরাজাদের ধন।
সঙ্কটে বোবা মাঠ
ভিড়ে বাড়ে ঠাট বাট
জলজ্যান্তে প্রবাস প্রতিম খাসা
হিমঘরে হাত ভেঙেফেলে শুধু চাষা।
বেলা বয়ে যায় বেলা বয়ে যায় ঢলে
মৃত মানুষের সংখ্যা নেবে বলে
আদমসুমারী ইতিহাস ঘরে ঘরে
যুদ্ধ বেঁধেছে আমেদাবাদে কাল ভোরে।
ছাউ নিতে ঢাকে আলো
বহু সংসার নিরন্ন ছিল কালও
বাজার ধরছে খোলাবাজারের নেতা
যারা বেঁচে আছে তারাই তোমার ত্রেতা।

আশিস গিরি

